# Times Today BD

ডেস্ক রিপোর্ট | দেশজুড়ে | 19 April, 2025

ঢাকার দোহারে এক শিশু শিক্ষার্থীকে ধর্ষণচেষ্টার অভিযোগ উঠেছে। ভুক্তভোগীর পরিবারের অভিযোগ, বাড়িতে একা পেয়ে মাদ্রাসার তৃতীয় শ্রেণিতে পড়ুয়া ওই শিশুকে ধর্ষণচেষ্টা করেন প্রতিবেশী আবুল কালাম।তবে অভিযোগ অস্বীকার করে অভিযুক্ত বলছেন, পূর্ব শত্রুতার জেরে আমাকে ফাঁসানো হচ্ছে।

ধর্ষণচেষ্টার অভিযোগে শুক্রবার রাতে ভুক্তভোগীর পরিবার দোহার থানায় একটি লিখিত অভিযোগ করেছেন।এর আগে একই দিন বিকালে উপজেলার ঝনকি মাঝি বাড়ি এলাকায় এ ঘটনা ঘটে।

অভিুযুক্ত আবুল কালাম (৫৫) ঝনকি গ্রামের আমিন উদ্দিন খন্দকারের ছেলে।

শিশুটির মা অভিযোগ করে বলেন, 'শুক্রবার বিকালে আবুল কালাম আমার মেয়েকে বাড়িতে এক পেয়ে ডেকে নিয়ে যায়।পরে নিজের কক্ষে নিয়ে গিয়ে জোরপূর্বক ধর্ষণের চেষ্টা করে।এ সময় মেয়ে চিৎকার দিয়ে দৌড়ে পালিয়ে আসে।পরে আমাকে ঘটনার বিস্তারিত জানায়।আমি ওর বিচার চাই।'

অভিযোগের বিষয়ে অভিযুক্ত আবুল কালাম বলেন, 'আমি এমন কিছু করিনি। পূর্ব শত্রুতার জেরে আমার সঙ্গে এমন করা হয়েছে। আমাকে ফাঁসানোর চেষ্টা করা হচ্ছে।'

দোহার থানার ওসি রেজাউল করিম বলেন, 'এ ব্যাপারে থানায় একটি অভিযোগ হয়েছে। তদন্ত সাপেক্ষ পরবর্তী আইনগত ব্যবস্থা নেওয়া হবে।'

ধর্ষণচেষ্টা শিশু মাদ্রাসা

---

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 29 June, 2025 10:24

URL: https://www.timestodaybd.com/across-the-country/1028775807